অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/21/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে আর্থিক বছর 2020 এক্সিকিউটিভ বাজেট পরিবহন কর্মীদের লাঞ্ছনার বিরুদ্ধে সুরক্ষা শক্তিশালী করবে

একজন পরিবহনকর্মীকে আক্রমণ করায় অভিযুক্ত অপরাধীগণ একটি ক্লাস ডি অপরাধের জন্য দোষী সাব্যস্ত হবেন

বর্তমান সুরক্ষার আওতাভুক্ত কর্মীদের বর্ধিত শ্রেণীবিন্যাস স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation, DOT), থ্রুওয়ে অথোরিটি, পুরসভা এবং সমগ্র স্টেটের এয়ারপোর্টগুলিকে অন্তর্ভূক্ত করবে।

মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথরিটির (Metropolitan Transportation Authority, MTA) মধ্যে থাকা সুরক্ষিত কর্মীদের ধরণ বৃদ্ধি করবে

কাজের জায়গায় নিরাপত্তার উপর জনগণকে শিক্ষা দেওয়ার প্রচারাভিযান (Public Education Campaign) কার্যকর করতে গভর্নরের ট্রাফিকের নিরাপত্তাকে অনুমোদিত করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে আর্থিক বছর 2020 এক্সিকিউটিভ বাজেট নিউ ইয়র্ক স্টেটে পরিবহন কর্মীদের লাঞ্ছনা থেকে রক্ষা করার জন্য নতুন উপায় অন্তর্ভূক্ত করেছে। এই নতুন বিধান অনুযায়ী, একজন পরিবহনকর্মীকে আক্রমণ করায় অভিযুক্ত অপরাধীগণ একটি ক্লাস ডি অপরাধের জন্য দোষী সাব্যস্ত হবেন, যার জন্য সাত বছর পর্যন্ত কারাদন্ড এবং 5,000 ডলার পর্যন্ত জরিমানা হবে। বর্তমানে, শুধুমাত্র মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথোরিটির নির্দীষ্ট কিছু সংখ্যক কর্মচারি এই সুরক্ষাগুলির আওতাভুক্ত। গভর্নরের প্রস্তাব MTA-র মধ্যে থাকা সুরক্ষিত কর্মীদের ধরণ বৃদ্ধি করবে। সেইসাথে এটি প্রথম বারের জন্য এই সুরক্ষাগুলি দ্বারা একটি বর্ধিত শ্রেণীর কর্মীদের অন্তর্ভূক্ত করবে, যার মধ্যে পড়বে, হাইওয়ে কর্মী এবং স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন এবং থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) সাথে কাজ করা কন্ট্রাক্টর, মিউনিসিপাল হাইওয়ে কর্মী এবং কন্ট্রাক্টর, সেইসাথে সমগ্র স্টেটের এয়ারপোর্টের কর্মীবৃন্দ। উপরন্তু, এই প্রস্তাবটি কোনো গাড়িচালক একটি সক্রিয় কাজের জায়গায় অযাচিতভাবে প্রবেশ করে হাইওয়ে কর্মীদের বিপদের সম্মুখীন করলে তিন মাসের কারাদন্ড এবং 500 ডলার পর্যন্ত জরিমানার শর্তকেও আবশ্যিক করবে।

"কোনো ব্যক্তি অন্যায়ভাবে পরিবহন কর্মীদের জীবন ও নিরাপত্তা ঝুঁকির সুম্মুখীন করে তুললে তার জন্য নিউ ইয়র্ক শূণ্য সহনশীলতা মেনে চলে", **গভর্নর কুওমো বলেছেন।** "আগে থেকে থাকা জরিমানাগুলিকে আরও শক্তিশালী করে এবং এই সুরক্ষাগুলিতে অন্তর্ভূক্ত কর্মীদের শ্রেণী প্রসারিত করে, আমরা ভবিষ্যতে লাঞ্ছনার ঘটনা প্রতিরোধ করব, নিউ ইয়র্কের পরিবহন কর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করব এবং অপরাধীদের শাস্তিযোগ্য করার জন্য আইন প্রণয়নকারী বিভাগকে তাদের প্রয়োজনীয় সংস্থান প্রদান করব।"

বর্তমান নিউ ইয়র্ক স্টেট দন্ডবিধি অনুযায়ী ট্রেন অপারেটর, বাস অপারেটর, টিকিট পরীক্ষক, কন্ডাক্টর এবং স্টেশন এজেন্টের মতো নির্দীষ্ট MTA কর্মচারীদের লাঞ্ছনা একটি ক্লাস ডি অপরাধ এবং তার জন্য সাত বছর পর্যন্ত কারাদন্ড এবং 5,000 ডলার পর্যন্ত জরিমানা হতে পারে। আর্থিক বছর 2020-র এক্সিকিউটিভ বাজেটে থাকা প্রস্তাব স্টেশন গ্রাহক সহায়কদের: কোনো ব্যক্তি যার দায়িত্ব টিকিট বিক্রয় করা বা ট্রেনে বা বাসে চড়ার জন্য ভাড়া সংগ্রহ করা; যে সকল ব্যক্তিবর্গের অফিসিয়াল কর্তব্য রক্ষণাবেক্ষন, মেরামত, পর্যবেক্ষণ, সমস্যা সমাধান, একটি ট্রানজিট সিগনাল সিস্টেম, উপরে থাকা বা মাটির নিচের সাবওয়ে ট্র্যাক, ট্রাঞ্জিট স্টেশন স্ট্রাকচার, বা ট্রেন ইয়ার্ড পরীক্ষা বা পরিস্কার করা; প্যাসেঞ্জারদের পরিষেবা প্রদানকারী কর্মচারিদের অন্তর্ভূক্ত করতে আইনটির অধীনে সুরক্ষিত থাকা MTA কর্মীদের পরিসর সম্প্রসারণ করবে।

উপরন্তু আইনটি স্টেট DOT এবং থ্রুওয়ে অথোরিটি, মিউনিসিপাল হাইওয়ে কর্মী এবং কন্ট্রাক্টর, সেইসাথে টার্মিনাল পরিস্কারক, কেবিন পরিস্কারক, ফেসিলিটি পরিস্কারক, হুইলচেয়ার ব্যবহার করা ব্যক্তিদের সহায়তা প্রদানকারী কর্মচারি, ব্যাগেজ বহনকারী, স্কাইক্যাপস, টিকিট এজেন্ট, গ্রাহক পরিষেবা কর্মচারি, নিরাপত্তা রক্ষী, লাইন পরিচালনকারী কর্মচারি, শাটেল বাস ড্রাইভার বা টারমাকে কাজ করা যে কোনো কর্মচারি সহ সমগ্র স্টেটের এয়ারপোর্ট কর্মীদের একই সুরক্ষা প্রদান করাতে প্রসারিত হবে। আওতাভুক্ত কর্মীদের মধ্যে সেই সকল কর্মচারি অন্তর্ভূক্ত হবে যারা কোনো এয়ারপোর্ট, এয়ারপোর্ট কর্তৃপক্ষ বা কোম্পানি/ভেন্ডর - সরকারি বা বেসরকারি - যারা নিউ ইয়র্ক স্টেটের একটি এয়ারপোর্টে এই পরিষেবাগুলি প্রদান করে।

ভারপ্রাপ্ত MTA চেয়ারম্যান ফার্নান্ডো ফেরার বলেছেন, "আমাদের ট্রানজিট কর্মীরা প্রতিদিন লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীদের যাতায়াতের বন্দোবস্ত করে এবং কাজ করার সময় তাদের এই সম্পূর্ণ সুরক্ষা পাওয়া উচিৎ। এই বাজেট অত্যন্ত-প্রয়োজনীয় সুরক্ষা প্রদান করবে যাতে আমাদের কর্মীরা দেশের সবথেকে বড় এবং জটিল পরিবহন ব্যবস্থা মেরামত এবং উন্নত করার দিকে আরও ভালো করে মনোযোগ দিতে পারে।"

স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন এর ভারপ্রাপ্ত কমিশনার পল এ. কারাস বলেছেন, "এক্সিকিউটিভ বাজেটটি ভ্রমণরত জনসাধারণের এবং আমাদের বিশাল পরিবহন ব্যবস্থা রক্ষণাবেক্ষনের জন্য যারা কাজ করছেন তাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে স্বাভাবিক সমাধানের প্রস্তাব করে। আমি গাড়ী চালকদের আস্তে করে দেওয়া, ধীরে চালানো এবং সমগ্র স্টেটের হাইওয়ে কাজের জায়গাগুলিতে সাবধানতার সাথে গাড়ী চালানোতে যতই গুরুত্ব দিতে বলি না কেন তা কখনই যথেষ্ট নয়।"

থ্রুওয়ে অথোরিটি এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বললেন, "প্রতিদিন, রাস্তার ধারে কর্মরত কর্মীরা সমস্ত গাড়ী চালকদের জন্য রাস্তার নিরাপত্তা নিশ্চিত করতে তাদের জীবনকে ঝুঁকির সম্মুখীন করে। 2019-20 এক্সিকিউটিভ বাজেটে শুধু নিজের কাজটি করার চেষ্টারত কঠোর পরিশ্রমী এবং নিবেদিত কর্মচারীদের রক্ষা করার জন্য আইন প্রণয়নের মুখ্য কান্ডারি গভর্নর কুওমোর কাছে আমরা কৃতজ্ঞ। এই বর্ধিত জরিমানা সমস্ত চালকদের কাছে একটি স্পষ্ট বার্তা পাঠাবে যে গাড়ী চালানোর সময় তাদের অবশ্যই যথাযথ সাবধানতা অবলম্বন করতে হবে, নচেৎ আইন মেনে না চলার জন্য তাদের কঠিন শাস্তির সম্মুখীন হতে হবে।"

পোর্ট অথোরিটি নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "বন্দর কর্তৃপক্ষের (Port Authority) এয়ারপোর্টগুলির নিরাপদ ও সুদক্ষ কার্যকারিতা একটি স্থিতিশীল, অনুপ্রাণিত এবং সু-সুরক্ষিত কর্মীবলের উপর দাঁড়িয়ে আছে, যা সামগ্রিক নিরাপত্তা প্রচেষ্টাকে উন্নত করবে এবং গ্রাহকদের একটি অভিজ্ঞ, জ্ঞানসম্পন্ন এবং ইতিবাচকভাবে সহায়তা করতে পারবে। গত বছর এয়ারপোর্ট কর্মীদের ন্যুনতম মজুরির একটি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধির সাথে, এই কর্মচারিদের সম্ভাব্য লাঞ্ছনার থেকে আরও সুরক্ষিত করার এই প্রস্তাবগুলি

চাকরি ছেড়ে যাওয়ার সংখ্যা অনেক কমাবে, তাদের মনোবল বৃদ্ধি করবে এবং এয়ারপোর্ট অপারেশন এবং 9/11-পরবর্তী পৃথিবীর নিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদানকারী আরও ভালো প্রশিক্ষিত কর্মীর যোগান দেবে।"

ভারপ্রাপ্ত DMV কমিশনার এবং ভারপ্রাপ্ত GTSC চেয়ার মার্ক জে.এফ. স্রোয়েডার বলেছেন, "এই হাইওয়ে কর্মীরা যে কাজগুলি করেন সেটি নিউ ইয়র্কের রাস্তা ব্যবহারকারী সকলেরই উপকার করে, এবং তারা তদের কাজগুলি যেন নিরাপদভাবে করতে পারেন সেটি অবশ্যই সুনিশ্চিত করতে হবে। তাদেরও পরিবার আছে যারা দিনের শেষে তাদের প্রতিক্ষায় বসে থাকে, এবং সেটি একটি বার্তা যা আমাদের সকলকে মেনে নিতে হবে। গাড়ী চালানো জনসাধারণকে শিক্ষিত করে তুলতে এবং হাইওয়ে কর্মীদের সুরক্ষার জন্য যথাসম্ভব করতে DOT এবং অন্যদের সাথে অংশীদারীত্ব করতে পেরে আমরা গর্বিত।"

CSEA প্রেসিডেন্ট ড্যানি ডানাউ বলেছেন, "পরিবহন কর্মীদের সুরক্ষার জন্য আরও কিছু করা এবং কাজের জায়গার নিরাপত্তার গুরুত্ব সম্পর্কে জনগণকে শিক্ষিত করার জন্য আমরা গভর্নরকে সাধুবাদ জানাই। আমাদের রাস্তাগুলিকে নিরাপদ রাখার জন্য আমাদের কর্মীরা প্রতিদিন তাদের জীবনকে ঝুঁকির সম্মুখীন করে এবং তাদের রক্ষা করতে সহায়তার জন্য যে কোনো প্রচেষ্টাকে আমরা সমর্থন করি।"

সাম্প্রতিক বছরগুলিতে, হাইওয়ে কর্মীদের লাঞ্ছনা এবং কাজের জায়গায় মোটর গাড়ী নিয়ে প্রবেশের একটি সতর্কতামূলক সংখ্যার রিপোর্ট পাওয়া গেছে। স্থানীয় প্রশাসন ও সরকারি কর্তৃপক্ষের মালিকানাধীন এবং পরিচালিত ফেসিলিটিগুলিতেও একই ধরণের ঘটনার রিপোর্ট পাওয়া গেছে, যেগুলি প্রস্তাবিত আইনের আওতাভুক্ত। 2014 থেকে 2017য়, DOT 610 জনের কাজের জায়গায় অযাচিত প্রবেশের রিপোর্ট করেছে, যা ফ্ল্যাগারদের পাশ কাটিয়ে এবং কাজের জায়গার মধ্যে দিয়ে দ্রুত গতিতে গাড়ী চালানোকে অন্তর্ভূক্ত করেছে।

আর্থিক বছর 2020 এক্সিকিউটিভ বাজেটে অন্তর্ভূক্ত আইন গভর্নরের ট্রাফিক সেফটি কমিটি (Traffic Safety Committee) কে একটি সর্বজনীন শিক্ষা এবং আউটরিচ কর্মসূচি কার্যকর করার নির্দেশ দেয় যা হাইওয়ে কাজের জায়গার গুরুত্ব সম্পর্কে গাড়ী চালকদের সচেতনতা বৃদ্ধি এবং কাজের জায়গার নিরাপত্তা উন্নত করা এবং গতি বাড়ানো, কাজের জায়গায় অনধিকার প্রবেশ এবং হাইওয়ে কর্মীদের ঝুঁকি বা আঘাতের সম্মুখীন করে এমন যে কোনো আচরণ সহ কাজের জায়গার ঘটনার সংখ্যা কমায়।

গত বছর, NYSDOT এবং গভর্নরের ট্রাফিক সেফটি কমিটি ফ্ল্যাগিং কর্মীদের সম্মান দেখানোর গুরুত্বের উপর ফোকাস করে একটি নতুন সরকারি পরিষেবা ঘোষণা এবং সোশ্যাল মিডিয়া প্রচারাভিযান প্রকাশ করে। PSA কাজের জায়গার নিরাপত্তা সম্পর্কে প্রচারাভিযান "ফ্ল্যাগারদেরও পরিবার আছে", এটি মোট গাড়ী চালকদের মনে করিয়ে দেওয়ার জন্য ডিজাইন করা হয়েছে যে ফ্ল্যাগিং কর্মীরা ট্রাফিককে অসুবিধা করার জন্য কিছু করছে না - তারা শুধু তাদের কর্তব্য পালন করছে এবং দিনের শেষে তারা নিরাপদের ঘরে ফিরতে চায়। PSA এখানে এবং এখানে দেখা যেতে পারে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন